

ইবিতে র্যাগিং ঘটলে যে কোনো রিস্ক নিতে প্রস্তুত উপাচার্য

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৪:৩২, ২ এপ্রিল ২০২৩



র্যালি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম বলেন, বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের ঘটনার পুনরাবৃত্তি ঘটলে হাইকোর্টের দরকার হবে না, আমরাই যথেষ্ট। এতে যদি আমার চাকরি ও ব্যক্তি জীবনেরও কিছু হয় তবু আমি সেই রিস্ক নিতে প্রস্তুত। শুধু রাজনৈতিক স্লোগান দেওয়া ছাত্র সংগঠনগুলোর কাজ নয়। মানবিক ও বসবাসযোগ্য দেশ বানাতে হলে তাদেরকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

রবিবার (২ এপ্রিল) সকালে মৃত্যুঞ্জয়ী মুজিব ম্যুরালের পাদদেশে সংক্ষিপ্ত আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। এর আগে প্রশাসন ভবনের সামনে থেকে 'র্যাগিং মুক্ত বিশ্ববিদ্যালয়ে গড়ি, শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস নিশ্চিত করি' স্লোগানে র্যাগিং বিরোধী র্যালি অনুষ্ঠিত হয়।

এতে এন্টি র্যাগিং বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ও প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদের সভাপতিত্বে উপ-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আলমগীর হোসেন ভূঁইয়া অংশ নেন।

এছাড়াও শিক্ষক সমিতির সাধারণ সাধারণ সম্পাদক অধ্যাপক ড. তপন কুমার জোদার, সহ সভাপতি অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ, শাপলা ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মাহবুবুর রহমান, আইন বিভাগের সভাপতি অধ্যাপক ড. রেবা মন্ডল, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান, শাখা ছাত্র লীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাতসহ প্রমুখ উপস্থিত ছিলেন।